

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫২৫

২৩. কুরআনের ফ্যালত অধ্যায় (كتاب فضائل القرآن) পরিচ্ছেদঃ ৩৩. করআন খতম করা সম্পর্কে

باب فِي خَتْمِ الْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا جَرِيرٌ عَنْ مُطَرِّفٍ عَنْ أَبِي إِسْحَقَ عَنْ أَبِي بُرْدَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ فِي كَمْ أَخْتِمُ الْقُرْآنَ قَالَ اخْتِمْهُ فِي شَهْرٍ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنِي أُطِيقُ قَالَ اخْتِمْهُ فِي خَمْسٍ وَعِشْرِينَ قُلْتُ إِنِّي أُطِيقُ قَالَ اخْتِمْهُ فِي عَمْسٍ وَعِشْرِينَ قُلْتُ إِنِّي أُطِيقُ قَالَ اخْتِمْهُ فِي عَمْسٍ عَشْرَةَ قُلْتُ إِنِّي أُطِيقُ قَالَ اخْتِمْهُ فِي عَمْسَ عَشْرَةَ قُلْتُ إِنِّي أُطِيقُ قَالَ اخْتِمْهُ فِي عَمْسٍ قُلْتُ إِنِّي أُطِيقُ قَالَ اخْتِمْهُ فِي عَمْسٍ قُلْتُ إِنِّي أُطِيقُ قَالَ اخْتِمْهُ فِي خَمْسٍ قُلْتُ إِنِّي أُطِيقُ قَالَ اخْتِمْهُ فِي عَمْسٍ قُلْتُ إِنِّي أُطِيقُ قَالَ لَا

বাংলা

৩৫২৫. আব্দুল্লাহ ইবনু আমর রাদ্বিয়াল্লাভ্ আনভ্ হতে বর্ণিত, তিনি বলেন, আমি জিজ্ঞেস করলাম, ইয়া রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম! আমি কত দিনে কুরআন খতম করতে পারি? তিনি বললেন, "তুমি এক মাসে কুরআন খতম করো।" আমি (আরো অধিক) কষ্ট করতে সক্ষম। তিনি বললেন, তাহলে পাঁচিশ দিনে খতম করো।" আমি (আরো অধিক) কষ্ট করতে সক্ষম। তিনি বললেন, "তাহলে বিশ দিনে খতম করো।" আমি (আরো অধিক) কষ্ট করতে সক্ষম। তিনি বললেন, "তাহলে পনেরো দিনে খতম করো।" আমি (আরো অধিক) কষ্ট করতে সক্ষম। তিনি বললেন, তাহলে দশ দিনে খতম করো।" আমি (আরো অধিক) কষ্ট করতে সক্ষম। তিনি বললেন, তাহলে পাঁচ দিনে খতম করো।" আমি (আরো অধিক) কষ্ট করতে সক্ষম। তিনি বললেন, "না" (এর কমে করো না)।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ যয়ীফ, মুতাররিফ ইবনু তারীফ আবী ইসহাক সাবিঈ নিকট হাদীস শ্রবন করা হতে পিছিয়ে রয়েছে। তবে হাদীসটি বুখারী ও মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: আমরা যার তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৮৫৬, ৮৫৭ তে। এছাড়াও, নাসাঈ, ফাযাইলূল



কুরআন নং ৯১; ইবনু কাছীর, ফাযাইলুল কুরআন পৃ. নং ২৪৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন